



আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

Website: www.bb.org.bd

ডিএফআইএম সার্কুলার নং-১৩

তারিখ: ০৮ অগ্রহায়ণ ১৪৩০
২৩ নভেম্বর ২০২৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল ফাইন্যান্স কোম্পানি।

প্রিয় মহোদয়,

ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ প্রসঙ্গে।

অর্থায়ন ব্যবসা পরিচালনাকারী ফাইন্যান্স কোম্পানির স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ, লাইসেন্স প্রদান, ব্যবস্থাপনা, নিয়মতান্ত্রিকভাবে পরিচালনা, আর্থিক কাঠামো সুসংগঠিতকরণ এবং সময়ের চাহিদা পূরণকল্পে আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ২৭ নং আইন) রহিত করে প্রণীত ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৯ নং আইন) ১৩ নভেম্বর ২০২৩ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত হয়েছে। সংশ্লিষ্ট সকলের অবগতি ও পরিপালন নিশ্চিতকরণার্থে ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ এর গেজেটের কপি বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইট [Bangladesh Bank \(bb.org.bd\)](http://Bangladesh Bank (bb.org.bd))-এ আপলোড করা হয়েছে।

০২। আগামী ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে “ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩” বিষয়ে পরিচালনা পর্ষদের একটি বিশেষ সভা আহ্বান করতঃ পর্ষদকে বিস্তারিত অবহিত করে পরবর্তী ৩(তিন) কর্মদিবসের মধ্যে এ বিভাগকে অবহিত করার জন্য আপনাদেরকে নির্দেশনা দেয়া হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আসাদুজ্জামান খান)
পরিচালক (ডিএফআইএম)
ফোনঃ ৯৫৩০১৭৮